

## শ্রীকৃষ্ণকীর্তনের গুরুত্ব

বাঙালি রচিত রাধাকৃষ্ণ লীলাবিষয়ক প্রথম পূর্ণাঙ্গ সংস্কৃত কাব্য জয়দেব গোস্বামীর গীতগোবিন্দ। সেই গীতগোবিন্দ কাব্যকে অনুসরণ করেই বাংলা ভাষায় প্রথম রাধাকৃষ্ণলীলা-কাব্য শ্রীকৃষ্ণকীর্তন।

তাছাড়া বাংলা সাহিত্যের ইতিহাসের আদি-মধ্যযুগের প্রথমতম নিদর্শন হিসেবেও শ্রীকৃষ্ণকীর্তনের ঐতিহাসিক মূল্য স্বীকৃত। চর্যাপদের পর আড়াইশ বছরের বন্দ্য ভূমি বিদীর্ণ করে বাঙালির কাব্যচর্চার পরিচয়-চিহ্ন ফুটে উঠেছে শ্রীকৃষ্ণকীর্তনে।

ভাষাতাত্ত্বিক বিচারেও শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের মূল্য অনস্বীকার্য। অপভ্রংশ-অবহট্টের আশ্রয় ছেড়ে বাংলা ভাষা নিজস্ব পরিচয় নিয়ে প্রকাশিত হয়েছিল চর্যাপদে। সেই বাংলা ছিল আদিপর্বের বাংলা। কিন্তু আড়াইশ বছরের ব্যবধানে বাংলা ভাষার বিবর্তিত রূপ আদি-মধ্যযুগে ঠিক কেমন দাঁড়িয়েছিল, তার স্বাক্ষর পাওয়া যাবে শ্রীকৃষ্ণকীর্তনে।

চণ্ডীদাসের সুললিত ভক্তি-আবেগপূর্ণ পদাবলির সঙ্গে বাঙালি দীর্ঘদিন ধরেই পরিচিত ছিল। কিন্তু রাধাকৃষ্ণ লীলাবিষয়ক পূর্ণাঙ্গ বাংলা আখ্যানকাব্য শ্রীকৃষ্ণকীর্তন কাব্য আবিষ্কারের পূর্বে অজ্ঞাত ছিল। সনাতন গোস্বামী 'বৈষ্ণবতোষণী' গ্রন্থে উল্লেখ করেছেন যে, চৈতন্যদেব চণ্ডীদাস রচিত দানখণ্ড-নৌকাখণ্ড সমন্বিত একটি কাব্যপাঠেই বিভোর হয়ে যেতেন। গবেষকদের অনুমান, চৈতন্যদেব বড় চণ্ডীদাসের এই শ্রীকৃষ্ণকীর্তন কাব্যেরই রসাস্বাদন করেছিলেন। অতএব চৈতন্যের রসাস্বাদনের অনুযুগেও কাব্যটির তাৎপর্য বৃদ্ধি পেয়েছে সন্দেহ নেই।

## শ্রীকৃষ্ণকীর্তনের কাব্যমূল্য

কিন্তু ১৩ খণ্ডে বিন্যস্ত নাটগীতিধর্মী এই কাব্যটির রসবিচার করতে গেলে দেখা যায় যে, শ্রীকৃষ্ণকীর্তনে রাধাকৃষ্ণ প্রেমকে একান্ত দেহসর্বস্ব স্থূল গ্রাম্যতায় পর্যবসিত করা হয়েছে। কখনও কখনও শ্রীকৃষ্ণকীর্তনের ভাব ও ভাষাও অশ্লীলতা দোষে দুষ্ট। পদাবলির মধ্যে যে অপ্রাকৃত প্রেমের সৌরভ পাওয়া যায়, শ্রীকৃষ্ণকীর্তনে তা প্রায় অনুপস্থিত। ব্যতিক্রম কেবলমাত্র 'রাধাবিরহ' খণ্ডটি। রাধাবিরহে রাধার বিরহ-আকুলতা যৌবন-চাঞ্চল্য ও দেহগন্ধ অতিক্রম করে-হৃদয়ের অতলস্পর্শ গভীরতা ও ঐকান্তিক প্রেমের ব্যাকুলতাকেই প্রকাশ করেছে। পরবর্তীকালের বৈষ্ণব পদাবলির ভাব যেন শ্রীকৃষ্ণকীর্তনের রাধাবিরহ পর্বেরই উত্তরাধিকার বহন করেছে। সেই কারণেই অনেকে মনে করেন যে, শ্রীকৃষ্ণকীর্তনের যেখানে শেষ, বৈষ্ণব পদাবলির সেইখান থেকেই যাত্রা সূচনা। সেদিক থেকে একান্ত প্রাকৃতগন্ধী স্থূলরসের কাব্য হলেও রসবিচারের ক্ষেত্রে অন্তত 'রাধাবিরহ' খণ্ডের জন্য শ্রীকৃষ্ণকীর্তনের কাব্যমূল্য অস্বীকার করা যায় না।